# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৬০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯. কিবলামুখী হয়ে পায়খানায় বসা

بَابُ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الْخَلَاءِ

আরবী

نَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَعِيدٍ الْجَمَّالُ ، نَا الْعَبَّاسُ بْنُ مُحَمَّدٍ ، نَا حَجَّاجُ بْنُ نُصَيْرٍ ، نَا الْقَاسِمُ بْنُ مُطَيَّبٍ ، عَنْ خَالِدٍ الْحَذَّاءِ ، قَالَ : كَانُوا عِنْدَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، فَقَالَ : مَا اسْتَقْبَلْتُ الْقِبْلَةَ بِغَائِطٍ مُذْ كُنْتُ رَجُلًا . وَعِرَاكُ بْنُ مَالِكٍ عِنْدَهُ ، فَقَالَ عِرَاكٌ : قَالَتْ عَائِشَةُ : بَلَغَ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أَنَّ قَوْمًا يَكْرَهُونَهُ ، فَأَمَرَ بِمَقْعَدَتِهِ فَحُوِّلَتْ إِلَى الْقِبْلَةِ . وَهَذَا مِثْلُهُ . تَابَعَهُ يَحْيَى بْنُ مَطَرٍ ، عَنْ خَالِدٍ

বাংলা

১৬০(৪). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে সাঈদ আল-জামাল (রহঃ) ... খালিদ আল-হাজ্জা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, তারা উমার ইবনে আবদুল আযীয (রহঃ)-এর নিকট উপস্থিত ছিলেন। তিনি বললেন, আমি বালেগ হওয়ার পর থেকে কখনও কিবলাকে সামনে বা পিছনে রেখে পায়খানা-পেশাব করিনি। ইরাক ইবনে মালেক (রহঃ) তখন তার নিকট উপস্থিত ছিলেন। তিনি বলেন, আয়েশা (রাঃ) বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানতে পারলেন যে, একদল লোক কিবলাকে সামনে অথবা পিছনে রেখে পায়খানা-পেশাব করা অপছন্দ করে। তিনি তার শৌচাগারের পাদানি কিবলার দিকে ফিরিয়ে দিতে নির্দেশ দিলেন এবং তদনুযায়ী তা ফিরিয়ে দেয়া হলো। এ হাদীস পূর্বোক্ত হাদীসের অনুরূপ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ খালিদ আল-হাজ্জা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79949

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন